# কৃষি বিপণন বার্তা

ত্রৈমাসিক কৃষি বিপণন বার্তা | দ্বিতীয় বর্ষ | ষষ্ঠ সংখ্যা | অগ্রহায়ণ-১৪২৯ | পৃষ্ঠা-৮

## মহান বিজয় দিবস-২০২২ উদযাপন উপলক্ষ্যে আলোচনা ও দোয়া মাহফিল আয়োজন



মহান বিজয় দিবস-২০২২ উদযাপনের অংশ হিসেবে কৃষি বিপণন অধিদপ্তরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ

মহান বিজয় দিবস উদযাপনের অংশ হিসেবে ১৬ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের সম্মেলন কক্ষে "জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে মুক্তিযুদ্ধের চেতনা ধারণ ও ডিজিটাল প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার" শীর্ষক আলোচনা সভার আয়োজন করা হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্‌ফার খান। এ সময় সদর দপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন ও হিসাব) (যুগ্মসচিব) জনাব ইকবাল হোসেন চাকলাদার। আলোচনা সভা শেষে মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে কৃষি বিপণন অধিদপ্তর এবং খামারবাড়ি চত্বরে স্থাপিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়।

## টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে মহাপরিচালক মহোদয়ের পুষ্পস্তবক অর্পণ



১১ নভেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্‌ফার খান, টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন।

## চুয়াডাঙ্গায় মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান




১৫ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখে চুয়াডাঙ্গায় সরকারি সফরকালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এম.পি মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন জনাব মোঃ শহীদুল ইসলাম, কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), চুয়াডাঙ্গা।

## "জাতীয় কৃষি বিপণন নীতি-২০২২"-এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত



আন্তঃ মন্ত্রণালয় সভায় সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়

"জাতীয় কৃষি বিপণন নীতি-২০২২"-এর খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে ০৫ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখে কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম-এর সভাপতিত্বে আন্তঃমন্ত্রণালয় সভা বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের অডিটোরিয়ামে অনুষ্ঠিত হয়। বিভিন্ন মন্ত্রণালয় ও কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর সংস্থার প্রতিনিধিগণ এই সভায় অংশগ্রহণ করেন। সভায় জাতীয় কৃষি বিপণন নীতি-২০২২ এর পটভূমি ও উদ্দেশ্য নিয়ে স্বাগত বক্তব্য প্রদান করেন জনাব রুহুল আমিন তালুকদার, অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়। খসড়া জাতীয় কৃষি বিপণন নীতি-২০২২ এর বিস্তারিত উপস্থাপনা করেন কৃষি বিপণন

অধিদপ্তরের সহকারী পরিচালক জনাব মোঃ জাহিদুল ইসলাম। এ ছাড়া সভায় আলোচক হিসেবে গুরুত্বপূর্ণ মতামত ব্যক্ত করেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, জনাব মোঃ বেনজীর আলম, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং জনাব শাহনাজ বেগম নীনা, উপপরিচালক (যুগ্মসচিব), নীতি ও পরিকল্পনা, কৃষি বিপণন অধিদপ্তর।

## বান্দরবান পার্বত্য জেলার কৃষাণিদের নিয়ে গঠিত বিপণন দলের সদস্যদের বিপণন বিষয়ক প্রশিক্ষণ আয়োজন




বান্দরবান পার্বত্য জেলার কৃষাণিদের নিয়ে বিপণন বিষয়ক প্রশিক্ষণে উপস্থিত ছিলেন সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, বান্দরবান

১০ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে বান্দরবান পার্বত্য জেলার রাজবিলা ইউনিয়নের তংচংগ্যা পাড়ায় কৃষাণিদের নিয়ে গঠিত বিপণন দলের সদস্যদের দুই দিনব্যাপী বিপণন বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। উৎপাদিত ফসলের ন্যায্যমূল্য নিশ্চিত করা এবং বিপণন ব্যবস্থার উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করেন জনাব মাকছুদুল আলম, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), বান্দরবান।

## যশোর জেলার ঝিকরগাছা উপজেলায় নির্মিত গদখালী ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার) পরিদর্শন



গদখালী ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার) পরিদর্শন করেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

১৫ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের “বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় যশোর জেলার ঝিকরগাছা উপজেলায় নির্মিত গদখালী ফুল বিপণন কেন্দ্রে (এসেম্বল সেন্টার) ফুল বিপণন কার্যক্রম পরিদর্শন করেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। এ সময় উপস্থিত ছিলেন সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, যশোর। ফুল চাষি ও ফুল ব্যবসায়ীদের বিপণনের ক্ষেত্রে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

## কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কৌশল বিষয়ে গাজীপুরে কৃষি উদ্যোক্তা, ব্যবসায়ী এবং কৃষক প্রশিক্ষণ অনুষ্ঠিত




প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত জনাব ইকবাল হোসেন চাকলাদার, পরিচালক (প্রশাসন) (যুগ্মসচিব), কৃষি বিপণন অধিদপ্তর

আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, নরসিংদীর আয়োজনে ১৯ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখে কৃষিপণ্যের প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কৌশলের উপর দিনব্যাপী “কৃষি উদ্যোক্তা, কৃষি ব্যবসায়ী এবং কৃষক প্রশিক্ষণ” বাংলাদেশ কৃষি গবেষণা ইন্সটিটিউট, গাজীপুরে অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে তাত্ত্বিক সেশন পরিচালনা করেন জনাব ইকবাল হোসেন চাকলাদার (যুগ্মসচিব), পরিচালক (প্রশাসন ও হিসাব), কৃষি বিপণন অধিদপ্তর। প্রশিক্ষণ আয়োজনে সার্বিক সহযোগিতা করেন জনাব কিশোর কুমার সাহা, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কৃষি বিপণন অধিদপ্তর, নরসিংদী। প্রশিক্ষণে তাত্ত্বিক ও প্রায়োগিক সেশন পরিচালনা করেন বারি’র শস্য সংগ্রহোত্তর প্রযুক্তি বিভাগের উর্ধ্বতন বৈজ্ঞানিকবৃন্দ।

## কুমিল্লার প্রসেসিং সেন্টার পরিদর্শন করেন কৃষি মন্ত্রণালয়ের উপসচিব জনাব জাহিদ হোসেন ছিদ্দিক



কুমিল্লার প্রসেসিং সেন্টার পরিদর্শন করেন কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ-৪ শাখার উপসচিব জনাব জাহিদ হোসেন ছিদ্দিক

কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২৩ এর কর্মসম্পাদন সূচক [৪.২.৪] এর আওতায় "প্রসেসিং সেন্টারের কার্যক্রম পরিদর্শনকৃত" কার্যক্রমটি ২৪ নভেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে আঞ্চলিক প্রশিক্ষণ কর্মকর্তার কার্যালয়, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কৃষি বিপণন অধিদপ্তর, কুমিল্লার প্রসেসিং সেন্টার পরিদর্শন করেন কৃষি মন্ত্রণালয়ের সম্প্রসারণ-৪ শাখার উপসচিব জনাব জাহিদ হোসেন ছিদ্দিক। পরিদর্শন কার্যক্রমে সার্বিক সহযোগিতা করেন জনাব মোঃ সানোয়ার হোসেন, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, কৃষি বিপণন অধিদপ্তর, কুমিল্লা।

### হবিগঞ্জ জেলার সদর বাজারে (চৌধুরী বাজার) মোবাইল কোর্ট পরিচালনা



হবিগঞ্জ জেলার সদর বাজারে (চৌধুরী বাজার) নির্বাহী ম্যাজিস্ট্রেট এর যৌথ উদ্যোগে মোবাইল কোর্ট পরিচালনা

০৩ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন আইন-২০১৮ এর আলোকে হবিগঞ্জ জেলার সদর বাজারে (চৌধুরী বাজার) নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব মো: আসাদুল হক এবং রিফাত আনজুম পিয়া -এর যৌথ উদ্যোগে মোবাইল কোর্ট পরিচালনা করা হয়। মূল্য তালিকা প্রদর্শন না করা এবং চালান কপি প্রদশন করতে না পারায় কৃষি বিপণন আইন ২০১৮ এর ১৯ (ঙ) ও (ঞ) ধারায় চার জন ব্যবসায়ীকে মোট ৪৫০০/-(চার হাজার পাঁচশত) টাকা জরিমানা করা হয়। এ সময় আলোচিত কিছু পণ্য যেমন- চাল, ডাল, ভোজ্য তেল এবং চিনির মূল্য সরকার কর্তৃক নির্ধারিত মূল্যের সাথে মিলিয়ে ক্রয়-বিক্রয়ের পাকা রশিদ যাচাই করা হয়। কৃষি বিপণন কর্মকর্তা, হবিগঞ্জ মোবাইল কোর্ট পরিচালনায় সহায়তা করেন এবং ব্যবসায়ীদের মূল্য তালিকা প্রদর্শন, চালান কপি সংরক্ষণ এবং দ্রুত লাইসেন্স নবায়নের জন্য নির্দেশনা প্রদান করেন।

### যশোর জেলার ঝিকরগাছা উপজেলায় নির্মিত গদখালী ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার) পরিদর্শন

১৫ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্‌ফার খান, সরকারী সফরে যশোর জেলায় আগমন করেন। পরবর্তীতে তিনি যশোর জেলার ঝিকরগাছা উপজেলাধীন গদখালীতে স্থাপিত কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত বাজার অবকাঠামো, সংরক্ষণ ও পরিবহন সুবিধার মাধ্যমে ফুল বিপণন ব্যবস্থা শক্তিশালীকরণ প্রকল্পের আওতায় গদখালী ফুল বিপণন কেন্দ্র (এসেম্বল সেন্টার) পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি এসেম্বল সেন্টার সম্পর্কে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন এবং পাশাপাশি তিনি বেশ কিছু ব্যবসায়ী ও ফুলচাষীদের সাথে মতবিনিময় করেন।



গদখালী ফুল বিপণন কেন্দ্রে স্থাপিত কুল চেম্বার পরিদর্শন করেন মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

### পাবনায় "কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন" প্রকল্পের অবহিতকরণ কর্মশালা অনুষ্ঠিত



অবহিতকরণ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

কৃষি বিপণন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "কৃষক পর্যায়ে পেঁয়াজ ও রসুন সংরক্ষণ পদ্ধতি আধুনিকায়ন এবং বিপণন কার্যক্রম উন্নয়ন" শীর্ষক প্রকল্পের আওতাধীন কর্মকর্তাদের প্রকল্প সম্পর্কে অবহিতকরণ শীর্ষক প্রশিক্ষণ গত ২৮ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর পাবনা-এর সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এ সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্‌ফার খান। বিশেষ অতিথি হিসেবে উপিস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তরের পরিচালক (যুগ্মসচিব) জনাব শাহনাজ বেগম নীনা। প্রশিক্ষণে স্বতস্ফুঃর্তভাবে অংশগ্রহণ করে প্রশিক্ষণ কে সাফল্যমন্ডিত করেছেন উপজেলা নির্বাহী অফিসার সাথিয়া ও সুজানগর, উপজেলা কৃষি অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, উপসহকারী কৃষি কর্মকর্তা। সার্বিক তত্বাবধানে ছিলেন প্রকল্প পরিচালক জনাব হেলাল উদ্দীন।

### ময়মনসিংহে “কৃষকের বাজার” উদ্বোধন

ভোক্তার জন্য নিরাপদ ও স্বাস্থ্যকর সবজি এবং কৃষকের জন্য পণ্যের সঠিক মূল্যপ্রাপ্তি নিশ্চিত করতে কৃষি বিপণন অধিদপ্তরের ব্যবস্থাপনায় কৃষকের বাজার চালু হয়েছে। গত ২৯ অক্টোবর ২০২২ খ্রি. সকাল ০৮ ঘটিকায় ময়মনসিংহের জেলা প্রশাসক

জনাব মোহাম্মদ এনামুল হক মহোদয় সার্কিট হাউজ সংলগ্ন ব্রহ্মপুত্র নদের তীরে এই বাজারের উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পুলক কান্তি চক্রবর্তী, ময়মনসিংহ সদর উপজেলার নির্বাহী অফিসার মোঃ শফিকুল ইসলাম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক কৃষিবিদ মোঃ মতিউজ্জামান, ময়মনসিংহ জেলা বাজার কর্মকর্তা মোহাম্মদ ঝিলুর বারী ভূঞা, ক্যাব ময়মনসিংহ জেলা সভাপতি এড. এম এ কাশেম, সাধারণ সম্পাদক জিএম রহমান ফিলিপ ও সাংগঠনিক সম্পাদক সুমন চন্দ্র ঘোষ ও অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ।




ময়মনসিংহে কৃষকের বাজার উদ্বোধন করেন জনাব মোহাম্মদ এনামুল হক, জেলা প্রশাসক, ময়মনসিংহ

## সাতক্ষীরা জেলায় অফিস কাম ট্রেনিং সেন্টারের নির্মাণ কাজের উদ্বোধন



অফিস কাম ট্রেনিং সেন্টারের নির্মাণ কাজের উদ্বোধন করেন কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্‌ফার খান

১৫ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্ফার খান মহোদয় সাতক্ষীরা জেলা সফর করেন। সফরসঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন জনাব ইকবাল হোসেন চাকলাদার (যুগ্মসচিব), পরিচালক (প্রশাসন ও হিসাব), কৃষি বিপণন অধিদপ্তর, জনাব শাহনাজ বেগম নীনা ( যুগ্মসচিব), প্রকল্প পরিচালক , কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্প, জনাব জি এম মহিউদ্দিন, সহকারী পরিচালক কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ খুলনা। সফরকালীন সময় মহাপরিচালক মহোদয় সাতক্ষীরা জেলায় অফিস কাম ট্রেনিং সেন্টারের নির্মাণ কাজের উদ্বোধন করেন। কালীগঞ্জ উপজেলায় এসএসিপি (বিপণন অংগ) শীর্ষক প্রকল্পের প্রকল্প কার্যক্রম পরিদর্শন ও কৃষকদের সাথে মত বিনিময় সভা করেন। সার্বিক সহযোগিতায় ছিলেন কৃষি বিপণন কর্মকর্তা, সাতক্ষীরা।

## কৃষকের উৎপাদিত কৃষিপণ্য রপ্তানীতে সহায়তার জন্য লেটার অব এগ্রিমেন্ট স্বাক্ষর



২৭ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট (বিপণন অংগ)-এর সাথে এগ্রোফ্রেশ এক্সপোর্ট এর লেটার অব এগ্রিমেন্ট স্বাক্ষর অনুষ্ঠিত হয়। চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে কৃষি বিপণন অধিদপ্তরের পক্ষে উপস্থিত ছিলেন ড. মোহাম্মদ রাজু আহমেদ, কম্পোনেন্ট পরিচালক, এসএসিপি (বিপণন অংগ) প্রকল্প। চুক্তির আওতায় প্রকল্পের দলভুক্ত কৃষকের উৎপাদিত পণ্য রপ্তানীতে সার্বিক সহায়তা প্রদান করা হবে।

## সিলেটে উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত




প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মীর এনামুল ইসলাম, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট

সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট কর্তৃক ০২ নভেম্বর, ২০২২ খ্রি: তারিখে সিলেট জেলার দক্ষিণ সুরমা উপজেলার মোল্লারগাও ইউনিয়নে মোঃ সৈয়দুর রহমান সাহেবের বাড়িতে কৃষি উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক একটি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মীর এনামুল ইসলাম, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেট। বিশেষ অতিথি হিসেবে ছিলেন মোল্লারগাও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এবং উপসহকারী কৃষি কর্মকর্তা। উক্ত প্রশিক্ষণে সভাপতিত্ব করেন জনাব আবু সালেহ মোঃ হুমায়ুন

কবির, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট।

### সুনামগঞ্জে নারী উদ্যোক্তাগণের অংশগ্রহণে উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ অনুষ্ঠিত



উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করেন কৃষি বিপণন কর্মকর্তা, সুনামগঞ্জ

০৮ নভেম্বর, ২০২২খ্রি. তারিখে কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, সুনামগঞ্জের আয়োজনে "উদ্যোক্তা উন্নয়ন প্রশিক্ষণ" অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে সুনামগঞ্জ জেলার গৌরারং ইউনিয়নের পুরান লক্ষণশ্রী গ্রামের নারী উদ্দোক্তাগণ অংশগ্রহণ করেন। নারী উদ্যোক্তাগণ ভার্মি কম্পোস্ট সার তৈরি করেন এবং স্থানীয় ভাবে সার বিক্রি করেন। ভার্মি কম্পোস্ট সারের উপযুক্ত মূল্য প্রাপ্তি এবং সঠিকভাবে প্যাকেজিং বিষয়ে জনাব অনুপা চক্রবর্তী, কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত) পরামর্শ প্রদান করেন।

### টেকসই উন্নয়ন অভিষ্ট্য (এসডিজি) বিষয়ক Review Workshop অনুষ্ঠিত



কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

কৃষি বিপণন অধিদপ্তরের সদর দপ্তরে ১৪ নভেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখে টেকসই উন্নয়ন অভিষ্ট্য (এসডিজি) বিষয়ক Review Workshop অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। এসডিজি অর্জনে কৃষি বিপণন অধিদপ্তরের করণীয় বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন জনাব মোঃ মনিরুল ইসলাম, যুগ্মসচিব (এসডিজি বিষয়ক), প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা। এসডিজি অর্জনে ডাটা-এর গুরুত্ব সম্পর্কে একটি সেশন পরিচালনা করেন জনাব মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক ও ফোকাল পয়েন্ট, এসডিজি সেল, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা। কর্মশালায় কৃষি বিপণন অধিদপ্তরের বিভাগীয় উপপরিচালকগণ, প্রকল্প পরিচালক/কর্মসূচি পরিচালকগণ এবং সদর দপ্তরের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।

### পিরোজপুরে কৃষি বিপণন অধিদপ্তরের উন্নয়ন কার্যক্রম পরিদর্শন করেন মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর



১০ ও ১১ নভেম্বর ২০২২ খ্রি. তারিখে মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর জনাব আঃ গাফ্‌ফার খান এবং কৃষি বিপণন অধিদপ্তর জোরদারকরণ প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব শাহনাজ বেগম নীনা পিরোজপুর জেলায় এ অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন।

### সুনামগঞ্জে এনজিও, চালকল ও মিল মালিক, ব্যবসায়ী ও কৃষকদের নিয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত




মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মীর এনামুল ইসলাম, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ

০৩ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, কৃষি বিপণন অধিদপ্তর, সুনামগঞ্জে এনজিও, চালকল, মিলমালিক, ব্যবসায়ী ও কৃষকদের নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি বিপণন অধিদপ্তর, সিলেট বিভাগ, সিলেটের উপপরিচালক জনাব মীর এনামুল ইসলাম এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ide বাংলাদেশ-এর সহকারী ব্যবস্থাপক জনাব আহাদুজ্জামান খান এবং সার্বিক সহযোগীতায় ছিলেন অনুপা চক্রবর্তী, কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), সুনামগঞ্জ। উক্ত সভায় ব্যবসায়ী এবং মিলমালিকদের দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

## Essential Rules and Regulations of Bangladesh বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন



প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

০৯ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখে সদর দপ্তরের কর্মকর্তাগণের জন্য Essential Rules and Regulations of Bangladesh বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। প্রশিক্ষণে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এবং সরকারি চাকরি আইন, ২০১৮ বিষয়ে মহাপরিচালক মহোদয় গুরুত্বপূর্ণ দুটি সেশন পরিচালনা করেন। বার্ষিক গোপনীয় অনুবেদন ফর্ম পূরণ অনুশাসনমালা এবং পেনশন সহজীকরণ আদেশ, ২০২০ বিষয়ে গুরুত্বপূর্ণ দুটি সেশন পরিচালনা করেন জনাব ইকবাল হোসেন চাকলাদার (যুগ্মসচিব), পরিচালক (প্রশাসন ও হিসাব), কৃষি বিপণন অধিদপ্তর। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ বিষয়ে গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন জনাব ওমর মোঃ ইমরুল মহসিন (যুগ্মসচিব), পরিচালক (আইসিটি ও পরিকল্পনা), কৃষি বিপণন অধিদপ্তর।

## সিলেট জেলায় "জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির সভা" অনুষ্ঠিত




"জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটি"র সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ মজিবর রহমান, জেলা প্রশাসক, সিলেট

২৭ অক্টোবর, ২০২২ খ্রিঃ তারিখে সিলেট জেলার "জেলা কৃষি বিপণন সমন্বয় কমিটির সভা" অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক জনাব মোঃ মজিবর রহমান। এ ছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট জনাব ইমরুল হাসান।

## পঞ্চগড়ে কৃষক, কৃষিপণ্য ব্যবসায়ী, প্রক্রিয়াজাতকারী ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত




প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শামসুর রহমান, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর বিভাগ

২৭ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখে আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বোদা, পঞ্চগড়ে কৃষক, কৃষিপণ্য ব্যবসায়ী, প্রক্রিয়াজাতকারী ও উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক দিনব্যাপী প্রশিক্ষণের আয়োজন করা হয়। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ শামসুর রহমান, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), কৃষি বিপণন অধিদপ্তর, রংপুর। আরো উপস্থিত ছিলেন আঞ্চলিক প্রশিক্ষণ কর্মকর্তার কার্যালয়, বোদা, পঞ্চগড়ের সহকারী পরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ রুহুল কুদ্দুস, প্রশিক্ষক জনাব নাছরিন আনোয়ারা ও মাঠ কর্মকর্তা জনাব আবু জাফর খান।

## কৃষি বিপণন অধিদপ্তরে বিএস (কৃষি অর্থনীতি) প্রোগ্রামের ১১ জন শিক্ষার্থীর ৩ মাস মেয়াদি ইন্টার্ণশীপ কোর্স উদ্বোধন



ইন্টার্ণশীপ কোর্সের উদ্বোধনী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়, গাজীপুর-এর বিএস (কৃষি অর্থনীতি) প্রোগ্রামের ১১ জন শিক্ষার্থীর ০৩ মাস মেয়াদি ইন্টার্ণশীপ কোর্স কৃষি বিপণন অধিদপ্তরে ১৩ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখ থেকে শুরু হয়েছে। জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর মহোদয় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ইন্টার্ণশীপ কোর্সের শুভ সুচনা করেন। সদর দপ্তরের সকল শাখা, ২টি বিভাগীয় কার্যালয়, ২টি জেলা এবং আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, অধিদপ্তরের সকল প্রকল্প/কর্মসূচির কার্যক্রম সম্পর্কে অবহিত করতে ইন্টার্ণ ছাত্র/ছাত্রীদের ৩ মাসের প্রশিক্ষণ সূচি প্রস্তুত করা হয়েছে।

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সদর দপ্তরে প্রশিক্ষণ অনুষ্ঠিত



প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ ও সমন্বয় শাখার আয়োজনে ১৪ সেপ্টেম্বর, ২০২২ খ্রি. তারিখে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে সদর দপ্তরের কর্মকর্তাগণের জন্য দিনব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এবং সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ বিষয়ে গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন জনাব আঃ গাফ্ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। সিটিজেন চার্টার কর্মপরিকল্পনা এবং পেনশন সহজিকরণ আদেশ, ২০২০ বিষয়ে গুরুত্বপূর্ণ সেশন পরিচালনা করেন জনাব ইকবাল হোসেন চাকলাদার স্যার, পরিচালক (যুগ্মসচিব), (প্রশাসন ও হিসাব)।

## চুয়াডাঙ্গায় কৃষকের বাজার পরিদর্শন




চুয়াডাঙ্গায় কৃষকের বাজার পরিদর্শন করেন উপপরিচালক, খুলনা বিভাগ

৩০ অক্টোবর, ২০২২ খ্রি. তারিখে কৃষি বিপণন কর্মকর্তার কার্যালয়, চুয়াডাঙ্গা পরিদর্শনকালে ডিঙ্গেদাহ, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা উদ্বোধন এর জন্য অপেক্ষাধীন কৃষকের বাজার পরিদর্শন করেন জনাব সিফাত মেহনাজ, উপপরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা।

## ঝালকাঠিতে শস্য সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন বিষয়ে প্রশিক্ষণ অনুষ্ঠিত




কৃষি বিপণন অধিদপ্তর, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা কর্তৃক আয়োজিত শস্য সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন সংক্রান্ত দিনব্যাপী প্রশিক্ষণ ঝালকাঠিতে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বরিশাল বিভাগের উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত) জনাব এস এম মাহবুব আলম।

## বাংলাদেশ ব্যাংকে শস্য গুদাম ঋণ কার্যক্রমের 'ব্যাংকিং স্ট্যান্ডিং কমিটি'র সভা অনুষ্ঠিত



'ব্যাংকিং স্টান্ডিং কমিটি'র সভায় সভাপতিত্ব করেন জনাব আবুল কালাম আজাদ, পরিচালক (এসিডি), বাংলাদেশ ব্যাংক

শস্য গুদাম ঋণ কার্যক্রমের আওতায় 'ব্যাংকিং স্টান্ডিং কমিটি' কর্তৃক শস্য গুদাম ঋণ কার্যক্রম সুষ্ঠু বাস্তবায়ন ও পরিচালনার নিমিত্ত, বাংলাদেশ ব্যাংকে রক্ষিত ঘূর্ণায়মান ঋণ তহবিল এবং ক্রেডিট ফান্ডের ব্যবহার ও নিয়ন্ত্রণ সংক্রান্ত সমস্যা নিরসনের ব্যাপারে সুপারিশ প্রণয়নের জন্য বাংলাদেশ ব্যাংকের প্রধান কার্যালয়ে ০৬ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জনাব আবুল কালাম আজাদ, পরিচালক (এসিডি), বাংলাদেশ ব্যাংক সভায় সভাপতিত্ব করেন। ৬টি তফসিলী ব্যাংকের প্রতিনিধিসহ ড. ফাতেমা ওয়াদুদ, উপপরিচালক (শস্য ঋণ ও গুদাম ব্যবস্থাপনা), কৃষি বিপণন অধিদপ্তর সভায় অংশগ্রহণ করেন।

## ময়মনসিংহে "কৃষি সেক্টর রূপান্তরে বিনিয়োগ" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত




কর্মশালায় কৃষিমন্ত্রী মহোদয়ের সাথে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের শহীদ সৈয়দ নজরুল ইসলাম সম্মেলন কক্ষে জাতিসংঘের কৃষি ও খাদ্য বিষয়ক সংস্থা (FAO) এবং কৃষি মন্ত্রণালয়ের উদ্যোগে ঢাকা ও ময়মনসিংহ অঞ্চল নিয়ে "কৃষি সেক্টর রূপান্তরে বিনিয়োগ" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুর রাজ্জাক, এমপি। কর্মশালায় কৃষি বিপণন অধিদপ্তরের কর্মকর্তাগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে প্রশংসিত হন। কৃষি বিপণন অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব আঃ গাফ্‌ফার খানসহ এফএও-এর প্রতিনিধি, বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ ও কর্মকর্তাবৃন্দ, কৃষক এবং কৃষি উদ্যোক্তাগণ উপস্থিত ছিলেন।

## বান্দরবানে কৃষি সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান



কৃষি সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম মহোদয়কে ফুলেল শুভেচ্ছা প্রদান করেন সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা, বান্দরবান

কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ বিভিন্ন দপ্তর/সংস্থার (বান্দরবান, রাঙামাটি, খাগড়াছড়ি ও চট্টগ্রাম) জেলা কর্মকর্তাদের সাথে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বান্দরবান পার্বত্য জেলা সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভার আয়োজন করা হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ সায়েদুল ইসলাম। উক্ত সভায় কৃষি বিপণন অধিদপ্তর, বান্দরবান পার্বত্য জেলার পক্ষে অংশগ্রহণ করেন জনাব মাকছুদুল আলম, সিনিয়র কৃষি বিপণন কর্মকর্তা (দায়িত্বপ্রাপ্ত), বান্দরবান।

## যশোরে ফুল চাষীদের সাথে কৃষি সচিব মহোদয়ের মতবিনিময় সভা অনুষ্ঠিত




যশোরে ফুল চাষীদের সাথে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জনাব মোঃ সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়

২৬ নভেম্বর, ২০২২ খ্রি. তারিখে যশোরে ফুল চাষীদের সাথে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন জনাব মোঃ সায়েদুল ইসলাম, সচিব, কৃষি মন্ত্রণালয়। এ সময় উপস্থিত ছিলেন জনাব সিফাত মেহনাজ, উপপরিচালক (উপসচিব), কৃষি বিপণন অধিদপ্তর, খুলনা বিভাগ, খুলনা।

## "GlobalGAP: Export Perspective in Bangladesh" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত




কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর

কৃষি বিপণন অধিদপ্তরের প্রশিক্ষণ ও সমন্বয় শাখার আয়োজনে ২৯ নভেম্বর, ২০২২ খ্রি. সদর দপ্তরে "GlobalGAP: Export Perspective in Bangladesh" শীর্ষক দিনব্যাপী কর্মশালা সম্পন্ন হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব আঃ গাফ্‌ফার খান, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), কৃষি বিপণন অধিদপ্তর। কর্মশালায় উল্লিখিত বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রফেসর আবু নোমান ফারুক আহম্মেদ, রেজিস্ট্রার্ড ট্রেইনার- GlobalGAP এবং চেয়ারম্যান, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, কৃষি অনুষদ, শেরে-বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়, ঢাকা। এ ছাড়াও ডিএই' র উদ্ভিদ সংগনিরোধ উইং, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, রপ্তানি উন্নয়ন ব্যুরো, বাংলাদেশ এগ্রোপ্রসেসর এক্সপোর্টার্স এসোসিয়েশন, বাংলাদেশ ফ্রুটস, ভেজিটেবল এন্ড এলাইড প্রডাক্টস এক্সপোর্টার্স এসোসিয়েশনের কর্মকর্তাগণ এবং কৃষিপণ্য রপ্তানিকারকগণ কর্মশালায় অংশগ্রহণ করেন।

সম্পাদনা: মোঃ রশিদুল ইসলাম, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও সমন্বয়), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
ফোনঃ ০২-৫৫০২৮৪৪৯; ই-মেইলঃ rashidul609@gmail.com; ওয়েবসাইটঃ www.dam.portal.gov.bd